# K-10 গ্রেডের অতিরিক্ত ভাষা বা উপভাষা হিসেবে ইংরেজি শেখা শিক্ষার্থীদের জন্য লিখিত প্রতিবেদন

## পিতামাতা এবং পরিচর্যাকারীদের জন্য তথ্য

প্রিয় পিতামাতা এবং পরিচর্যাকারীগণ

আপনারা প্রতি বছর আপনার সন্তানের স্কুল থেকে দুটি লিখিত প্রতিবেদন পান। এই প্রতিবেদনগুলো আপনাকে বুঝতে সাহায্য করবে যে আপনার সন্তান কীভাবে অগ্রগতি করছে এবং আপনার স্কুল আপনার সন্তানের শেখার ক্ষেত্রে কীভাবে সহায়তা করছে। প্রতিটি প্রতিবেদনে আপনার সন্তানের সকল বিষয়ে অগ্রগতি দেখানো হবে।

### অতিরিক্ত ভাষা বা উপভাষা হিসেবে ইংরেজি শেখা শিক্ষার্থীদের জন্য প্রতিবেদন (English as an additional language or dialect (EAL/D))

যদি আপনার সন্তান ইংরেজি ভাষাকে অতিরিক্ত ভাষা বা উপভাষা হিসেবে (EAL/D) শেখে, তাহলে প্রতিবেদনে কিভাবে তাদের ইংরেজি ভাষা উন্নয়নে সহায়তা করা হয়েছে এবং ইংরেজি শেখার ক্ষেত্রে তাদের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত জানানো হবে। ইয়ার 1 এবং তার উপর বর্ষের শিক্ষার্থীদের জন্য, প্রতিবেদনটি তাদের ইংরেজি ভাষার দক্ষতার বর্তমান স্তর প্রতিফলিত করবে। পর্যায়গুলো হল শুরুর পর্যায়, উদীয়মান, বিকাশমান বা একীভূতকরণ। এই পর্যায়গুলোর বর্ণনার জন্য অনুগ্রহ করে পরের পাতাটি দেখুন।

### নতুন আগত (EAL/D) শিক্ষার্থীদের জন্য প্রতিবেদন

যদি আপনার সন্তান EAL/D প্রোগ্রামে থাকে এবং অস্ট্রেলিয়ার কোন স্কুলে চার টার্ম বা তার কম সময় ধরে থাকে, তাহলে আপনার সন্তানের লিখিত প্রতিবেদনে গ্রেডের পরিবর্তে তারা যে বিষয়গুলো শিখছে সেগুলোতে তাদের অগ্রগতি সম্পর্কে মন্তব্য থাকতে পারে।

### ইনটেনসিভ ইংলিশ সেন্টার বা ইনটেনসিভ ইংলিশ হাই স্কুলে নতুন আগত EAL/D শিক্ষার্থীদের জন্য প্রতিবাদন

যদি আপনার সন্তান একটি ইনটেনসিভ ইংলিশ সেন্টার অথবা ইনটেনসিভ ইংলিশ হাই স্কুলে ভর্তি থাকে, তাহলে আপনি তাদের ইংরেজি শেখার অগ্রগতি সম্পর্কে একটি লিখিত প্রতিবেদন পাবেন। এছাড়াও, প্রতিবেদনে হাই স্কুলের প্রস্তুতির জন্য যে সমস্ত বিষয় তারা শিখছে, সেগুলোর অগ্রগতিও উল্লেখ থাকবে।

| ইংরেজি ভাষা দক্ষতার পর্যায়সমূহ | |
|---|---|
| **শুরুর পর্যায়** | প্রথম পর্যায়ের শিক্ষার্থীরা ইংরেজি শিখতে শুরু করেছে। তারা ইংরেজি ছাড়াও এক বা একাধিক ভাষা বলতে পারে এবং তাদের মাতৃভাষায় বয়স-উপযুক্ত স্তরে লিখতে সক্ষম হতে পারে। এই শিক্ষার্থীরা পাঠ্যসূচীর সহজ ভাষাগত কার্যক্রমে অংশগ্রহণ করা শুরু করেছে। |
| **উদীয়মান** | উদীয়মান পর্যায়ের শিক্ষার্থীদের ইংরেজি জ্ঞানের পরিধি ক্রমশ বাড়ছে। তারা এক বা একাধিক ভাষায় কথা বলতে পারে, যার মধ্যে প্রাথমিক স্তরের ইংরেজিও অন্তর্ভুক্ত, এবং তাদের লিখিত ইংরেজি জ্ঞানও বাড়ছে। এই শিক্ষার্থীরা শ্রেণিকক্ষের কার্যক্রমে অংশগ্রহণ করতে পারে এবং যথাযথ ভাষা শিক্ষাদান ও কাজ সম্পূর্ণ করার জন্য অতিরিক্ত সময় পেলে শিক্ষায় সম্পৃক্ত হতে সক্ষম হয়। |
| **উন্নয়নশীল** | উন্নয়নশীল পর্যায়ে থাকা শিক্ষার্থীরা কার্যকরী ইংরেজি সহ এক বা একাধিক ভাষা বলতে পারে এবং লিখিত ইংরেজির উপর তাদের জ্ঞান বৃদ্ধি পায়। এই শিক্ষার্থীরা শ্রেণিকক্ষ ও স্কুলের নিয়মিত কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে এবং শিক্ষণীয় কাজগুলোতে ক্রমশ সফলভাবে যুক্ত হতে পারে। ইংরেজি ব্যাকরণের উপর নিয়ন্ত্রণ বিকাশ এবং তাদের শব্দভাণ্ডার তৈরি করার সময় তাদের মাতৃভাষা একটি মূল্যবান সহায়তা হিসেবে অব্যাহত থাকে। |
| **একত্রীকরণ** | একত্রীকরণ পর্যায়ের শিক্ষার্থীরা ইংরেজি সহ এক বা একাধিক ভাষা বলতে পারে এবং লিখিত ইংরেজিতে তাদের ভালো জ্ঞান থাকে। এই শিক্ষার্থীরা শ্রেণীকক্ষ এবং স্কুলের রুটিনে স্বাধীনভাবে অংশগ্রহণ করে এবং সাধারণ সাফল্যের সাথে শেখার জন্য ইংরেজি ব্যবহার করার ক্ষমতা বৃদ্ধি করে। তারা বিভিন্ন নির্দিষ্ট উদ্দেশ্যে মৌখিক এবং লিখিত পাঠ্য বোঝে এবং তৈরি করতে পারে, তবে বিষয়ভিত্তিক একাডেমিক ভাষা বৃদ্ধির সাথে সাথে EAL/D শিক্ষার্থীদের সহায়ক ভাষা শিক্ষা এবং কৌশলের প্রয়োজন হয়। |

## টেলিফোন দোভাষী সেবাব্যবস্থা

আরও তথ্যের জন্য অনুগ্রহ করে স্কুলের সাথে যোগাযোগ করুন। স্কুলের সাথে যোগাযোগ করার জন্য যদি আপনার একজন দোভাষীর প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী সেবাব্যবস্থায় কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য অনুরোধ করুন। দোভাষী স্কুলে ফোন করবেন এবং কথোপকথনে সহায়তা করার জন্য লাইনে থাকবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোনও মূল্য দিতে হবে না।